বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার
অস্থায়ী কার্যালয়: কুড়িগ্রাম সরকারি কলেজ রোভার ডেন
www.kurigramrover.scouts.gov.bd

## বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভারের নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সিফাত মেহনাজ<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৫ অক্টোবর, ২০২৫। |
| সভার সময় | : | বিকাল ৪.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, কুড়িগ্রাম এঁর সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য জেলা রোভারের সম্পাদক হাসান-উজ-জামান পলাশকে অনুরোধ করেন। অত:পর এজেন্ডা ভিত্তিক বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | **নির্বাহী কমিটির সদস্যবৃন্দের পরিচিতি:** সভায় নির্বাহী কমিটির সম্মানিক সদস্যবৃন্দ আত্মপরিচিতি প্রদান করেন। | সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানানো হয় এবং সঠিকভাবে অর্পিত দায়িত্ব পালনের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনান বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভারের কমিশনার জনাব মোঃ আব্দুল ওয়াদুদ। | কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সভাপতি মহোদয় এবং সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন ও কার্যবিবরণীটি নিশ্চিতকরণ করা যায় বলে মতামত প্রকাশ করেন। | সংশ্লিষ্ট সকল |
| ৩ | **২০২৫-২০২৬ অর্থবছরের প্রোগ্রাম অবহিতকরণ: ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রোগ্রামসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়:** (প্রোগ্রামের তালিকা নিচে) | প্রোগ্রামসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। কোন প্রোগ্রাম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব না হলে পরবর্তীতে সে প্রোগ্রাম সম্পন্ন করতে হবে। রোভার স্কাউট লিডার ওরিয়েন্টেশনের জন্য সকল কলেজ/ মাদ্রাসাকে পত্র প্রেরণ করতে হবে। রৌমারী ও চিলমারীর প্রতিষ্ঠানগুলোতে বেশি গুরুত্ব দিতে হবে। নতুন রোভার গ্রুপ রেজিস্ট্রেশন ও নিষ্ক্রিয় রোভার গ্রুপের কার্যক্রম চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার।<br>২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার। |

| ক্রমিক | প্রোগ্রামের নাম | বাস্তবায়নের সময় |
|---|---|---|
| ০১ | আর এসএল ওরিয়েন্টেশন | ২৪ নভেম্বর, ২০২৫ |
| ০২ | কোর্স ফর রোভার মেট | ২৫-২৮ নভেম্বর, ২০২৫ |
| ০৩ | দক্ষতা অর্জন কোর্স | ২৮-৩০ নভেম্বর, ২০২৫ |
| ০৪ | সিনিয়র রোভার মেট ওয়ার্কশপ | ৩০ নভেম্বর, ২০২৫ |
| ০৫ | ইয়ুথ ফোরাম | ডিসেম্বর-২০২৫ |
| ০৬ | নির্বাহী কমিটির সভা | ডিসেম্বর-২০২৫ ও মার্চ- ২০২৬ ও জুন-২০২৬ |
| ০৭ | ডে-ক্যাম্প | ডিসেম্বর-২০২৫ |
| ০৮ | গ্রুপ সভাপতি ওয়ার্কশপ | ডিসেম্বর-২০২৫ |
| ০৯ | বার্ষিক কাউন্সিল সভা | জানুয়ারি-২০২৬ |
| ১০ | রোভার স্কাউট লিডার বেসিক কোর্স | ফেব্রুয়ারি-২০২৬ |
| ১১ | বিপি দিবস পালন | ২২ ফেব্রুয়ারি-২০২৬ |
| ১২ | আর এসএল ওয়ার্কশপ | মার্চ-২০২৬ |
| ১৩ | স্কাউট দিবস পালন | ৮ এপ্রিল, ২০২৬ |
| ১৪ | জেলা মাল্টিপারপার্স ওয়ার্কশপ | মে -২০২৬ |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **আয় ব্যয়ের হিসাব অনুমোদন:** সভায় বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভারের ০১ জুলাই, ২০২৫ তারিখে থেকে ৩০ জুন, ২০২৫ তারিখে পর্যন্ত আয় ও ব্যয়ের হিসাব উপস্থাপন করা হয়। সভায় উক্ত আয় ব্যয়ের হিসাবের অডিট প্রতিবেদনসহ উপস্থাপন করায় সভায় উপস্থিত সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন। | আয় ও ব্যায়ের হিসাব সঠিক থাকায় ০১ জুলাই, ২০২৪ তারিখ থেকে ৩০ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। প্রতি ৬ মাস পরপর আয় ব্যয়ের হিসাব অডিট করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৫ | **রোভার ফি আদায়:** জেলার সকল কলেজ, কলেজ পর্যায়ের মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান থেকে সর্বশেষ জারিকৃত পরিপত্র মোতাবেক রোভার ফি আদায় নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। রোভার ফি আদায়ের জন্য সকল প্রতিষ্ঠানে নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত উল্লেখ করে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | জেলার সকল কলেজ, কলেজ পর্যায়ের মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান থেকে সর্বশেষ জারিকৃত পরিপত্র মোতাবেক রোভার ফি আদায় নিশ্চিত করার জন্য নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত উল্লেখ করে পত্র প্রেরণ করতে হবে। | ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার। |
| ৬ | **জেলা রোভার মুট বাস্তবায়ন:** জেলা রোভার মুট বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জেলা রোভার কমিশনার মুট বাস্তবায়নের বাজেট সভায় পেশ করেন । বাজেট অনুসারে টাকার ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনা হয়। আপাতত জেলা রোভার তহবিলে যথেষ্ট টাকা না থাকায় এ বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | বাজেট অনুযায়ী প্রোগ্রাম বাস্তবায়ন করতে হবে। | জেলা কমিটি |
| ৭ | **বিবিধ:**<br>আগামী ২০ অক্টোবর,২০২৫ নীলফামারীতে বিভাগীয় সিনিয়র রোভারমেট কোর্সে জেলা থেকে ১২ জন রোভার,গার্ল-ইন-রোভার ও জেলা কমিশনার অংশগ্রহণ করবে মর্মে যাতায়াত বাবদ ২০০০/- টাকা, নির্বাহী কমিটির মিটিং এর নাস্তা ও স্টেশনারী বাবদ ৩১০০/- টাকা এবং জোটা-জোটি প্রোগ্রামের জন্য ৩৭০০/- মোট= ৮৮০০/- আট হাজার আটশত টাকা উত্তোলন প্রয়োজন বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রোগ্রাম এর জন্য ব্যাংক থেকে ৮,৮০০/- (আট হাজার আটশত) টাকা উত্তোলন করার সিদ্ধান্ত হয়। | ১। কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার।<br>২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার। |

অত:পর সভাপতি কমিটির সদস্যবৃন্দের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি স্কাউটিং এর মুলমন্ত্র সেবার আদর্শে উজ্জীবিত হয়ে এই সংগঠনকে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানান। অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২০২৫

সিফাত মেহনাজ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
বাংলাদেশ স্কাউটস
কুড়িগ্রাম জেলা রোভার

বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার
অস্থায়ী কার্যালয়: কুড়িগ্রাম সরকারি কলেজ রোভার ডেন
www.kurigramrover.scouts.gov.bd

স্মারক নং-বা:স্কা:কু:জে:রো:২০২৫/৮৫ তারিখ: ০৬ কার্তিক, ১৪৩১
২২ অক্টোবর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল।
২. সহ-সভাপতি (সকল)......................................................................বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
৩. কমিশনার, বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
৪. বিভাগীয় রোভার নেতা প্রতিনিধি, রংপুর বিভাগ।
৫. অধ্যক্ষ/গ্রুপ সভাপতি (সকল)............................................................. রোভার গ্রুপ, কুড়িগ্রাম।
৬. নির্বাহী কমিটির সদস্য (সকল).........................................................বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলা রোভার।
৭. রোভার নেতা (সকল)..................................................................... রোভার গ্রুপ, কুড়িগ্রাম।
৮. বাংলাদেশ স্কাউটস কুড়িগ্রাম জেলার দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক, কুড়িগ্রাম;
৯. জনাব................................................................................ ।
১০. অফিস কপি।

22/10/24

(এএসএম হাসান-উজ-জামান পলাশ)
সম্পাদক
বাংলাদেশ স্কাউটস, কুড়িগ্রাম জেলা রোভার
০১৭৩১-১৯৬১৮০